| ৫ | মসবৈ-২৮(১১)/২০২০, তারিখ: ২ নভেম্বর ২০২০ | বিষয়-২: 'উন্নয়ণ বোর্ড আইনসমূহ (বিলুপ্তকরণ) আইন, ২০০০' এর খসড়ার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন।<br><br>সিদ্ধান্ত:<br><br>৮। সারসংক্ষেপের সহিত উপস্থাপিত উন্নয়ণ বোর্ড আইনসমূহ (বিলুপ্তকরণ) আইন, ২০০০' এর খসড়ার নীতিগত ও চুড়ান্ত অনুমোদন করা হইলো। | The Development Board Laws (Repeal) Ordinance, 1986 নতুন করে বাংলা ভাষায় প্রণয়নকৃত খসড়া মন্ত্রিসভা কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হয়েছে যা ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। |

০১/৩/২১

মোঃ মোস্তাফিজুর রহমান
সিনিয়র সহকারী সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

| ক্রমিক | বৈঠকের তারিখ | মন্ত্রিসভা বৈঠকের বিষয় ও সিদ্ধান্ত | আইন ও বিচার বিভাগের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন |
|---|---|---|---|
| ৬ | ০১(০১)/২০২১, তারিখ: ১১ জানুয়ারি ২০২১ | বিষয়-১: The Civil Courts (Amendment) Act, 2021 '-এর খসড়ার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন<br><br>সিদ্ধান্ত:<br><br>৮। সারসংক্ষেপের সহিত উপস্থাপিত The Civil Courts (Amendment) Act, 2021 '-এর খসড়ার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন করা হইল। | The Civil Courts (Amendment) Act, 2021 'আইনটি জাতীয় সংসদ কর্তৃক গৃহীত হয়ে মহামান্য রাষ্ট্রপতির সম্মতিক্রমে গত ১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ তারিখ গেজেট আকারে প্রকাশিত হয়েছে। |

Malun
০১/৩/২১

মোঃ মোস্তাফিজুর রহমান
সিনিয়র সহকারী সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

| মিক | বৈঠকের তারিখ | মন্ত্রিসভা বৈঠকের বিষয় ও সিদ্ধান্ত | আইন ও বিচার বিভাগের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন |
|---|---|---|---|
| ৭ | মসবৈ-০৩(২১)/ ২০২১, তারিখ: ৮ ফেব্রুয়ারি ২০২১ | বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০২০ সালের চতুর্থ ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) প্রতিবেদন।<br><br>সিদ্ধান্ত:<br><br>৫.২। '১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩' (২০১৩ সালের ৬ নম্বর আইন) এবং এবং '১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩'(২০১৩ সালের ৭ নম্বর আইন) এর তফসিলভুক্ত ৫৯টি অধ্যাদেশ ২১টি মন্ত্রণালয়/বিভাগে অদ্যাবধি অনিষ্পন্ন রহিয়াছে যা আগামী জুন ২০২১ সালের মধ্যে নিষ্পন্ন করিতে হইবে। | এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |

০১/০৬/২১

মোঃ মোস্তাফিজুর রহমান
সিনিয়র সহকারী সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৯.০৬.০০৪.২০.৫৩

তারিখঃ ১১ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী মোকাবেলায় গৃহীত কার্যক্রম সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠান এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী মোকাবেলায় ৩১ ডিসেম্বর ২০২০ খ্রি. পর্যন্ত গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্য NIKOSH ফন্টে এবং সংশোধনী অংশ Bold/Underline করে প্রতিবেদনের হার্ডকপি সরাসরি এবং সফটকপি ই-মেইলে (report_sec@cabinet.gov.bd) প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৯ (নয়) ফর্দ।

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjusticediv.gov.bd
ফোনঃ ৯৫৭৭৪২০।

যুগ্মসচিব
রিপোর্ট ও রেকর্ড অধিশাখা
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জ্ঞাতার্থে বিতরণঃ

১. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৩. অফিস কপি।

# করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী মোকাবেলায় গৃহীত কার্যক্রম

**মন্ত্রণালয়/বিভাগের নাম : আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

## ১। গৃহীত কার্যক্রম :

বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশনার আলোকে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে এবং কার্যক্রম বাস্তবায়নে সচেষ্ট থেকেছে। আইন ও বিচার বিভাগ এর দিকনির্দেশনা অনুযায়ী এর অধীনস্ত জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, মহাপ্রশাসক, সরকারি অছি ও সরকারি রিসিভার, নিবন্ধন অধিদপ্তর, বার কাউন্সিল, অ্যাটর্নি জেনারেল এর কার্যালয় প্রভৃতি অধিদপ্তর ও সংস্থার প্রতি সময় সময় প্রয়োজনীয় দিকনির্দেশনা জারী করাসহ স্বাস্থ্যবিধি প্রতিপালন সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম গৃহীত হয়েছে। গৃহীত কার্যক্রমসমূহ নিম্নরূপ:

**(ক) আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০ প্রণয়ন :** মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনায় এবং মাননীয় আইনমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টায় করোনা সংক্রমণের প্রেক্ষিতে উদ্ভূত পরিস্থিতিতে বিচার কার্যক্রম পরিচালনার জন্য জাতীয় সংসদে 'আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০' পাস করা হয়েছে। এর মাধ্যমে সারা দেশের ভার্চুয়াল আদালত ব্যবস্থা চালু করা হয়েছে। গত ১১ মে থেকে ৪ আগস্ট পর্যন্ত ৫৮ কার্যদিবসে সারা দেশে ভার্চুয়াল আদালতের শুনানিতে মোট ১ লক্ষ ৪৭ হাজার ৩৩৯ টি জামিন দরখাস্ত নিষ্পত্তি হয়েছে এবং ৭২ হাজার ২২৯ জন অভিযুক্ত ব্যক্তি জামিনে মুক্তি পেয়েছে। এর ফলে জেলখানায় বন্দীজট অনেকাংশে হ্রাস পেয়েছে।

**(খ) মনিটরিং সেল গঠন :** আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এমপি মহোদয়ের দিক নির্দেশনার প্রেক্ষিতে করোনা ভাইরাস সংক্রমণ উদ্ভূত পরিস্থিতিতে সারাদেশের বিচারক, সহায়ক কর্মচারীদের বিষয়ে খোঁজখবর রাখা এবং প্রয়োজনীয় চিকিৎসাসেবা প্রদানের লক্ষ্যে গত মার্চ মাসে আইন ও বিচার বিভাগের উপসচিব (প্রশাসন-১ ও ২) এর সমন্বয়ে একটি মনিটরিং সেল গঠন করা হয়েছে। আইন ও বিচার বিভাগের সচিব জনাব মোঃ গোলাম সারওয়ার মহোদয় নিয়মিত মনিটরিং সেলের খবরাখবর মাননীয় মন্ত্রী মহোদয়কে অবহিত করেন। তাছাড়া মাননীয় মন্ত্রী মহোদয় করোনা ভাইরাসে আক্রান্ত বিচারকগণের সাথে যোগাযোগ করে তাঁদের খোঁজখবর নিয়েছেন এবং তাঁদের উন্নত চিকিৎসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করে যাচ্ছেন। উল্লেখ্য যে, ভোলার জেলা ও দায়রা জজ করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে গুরুতর অসুস্থ হয়ে পড়লে মাননীয় আইনমন্ত্রী নিজে প্রিন্সিপাল সেক্রেটারীসহ আর্মড ফোর্সেস ডিভিশনের প্রিন্সিপাল স্টাফ অফিসার, স্বাস্থ্য বিভাগের ডিজি'র সাথে যোগাযোগ করে মাত্র এক ঘন্টার ব্যবধানে বিমান বাহিনীর হেলিকপ্টারের মাধ্যমে ঢাকায় এনে উন্নত চিকিৎসার ব্যবস্থা করেছেন। এছাড়া মাননীয় মন্ত্রী মহোদয়ের উদ্যোগে করোনা আক্রান্ত দিনাজপুরের জেলা ও দায়রা জজ কে ঢাকায় হেলিকপ্টারের মাধ্যমে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় আনা হয়।

**(গ) ভিজিলেন্স কমিটি গঠন :** করোনা ভাইরাসের প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে আইন ও বিচার বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণের জন্য ২ জুন ২০২০ তারিখে একটি ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। এই ভিজিলেন্স কমিটি আইন ও বিচার বিবাগের কর্মকর্তা/কর্মচারীদের করোনা প্রতিরোধে বিভিন্ন সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দেওয়াসহ তারা স্বাস্থ্যবিধিসমূহ মেনে চলছে কিনা তা মনিটর করছে।

(ঘ) **'মাস্ক পরিধান করুন, সেবা নিন' কার্যক্রম :** কোভিড-১৯ এর বিষয়ে জনসাধারণের সচেতনা বৃদ্ধির লক্ষ্যে আইন ও বিচার বিভাগের দৃশ্যমান স্থানে 'মাস্ক পরিধান করুন, সেবা নিন / Wear Mask, Get Service' লিখিত ব্যানার লাগানো হয়েছে। এছাড়া অধীনস্থ অধিদপ্তর/প্রতিষ্ঠান/সংস্থাসমূহের সামনে দৃশ্যমান স্থানে 'মাস্ক পরিধান ব্যতীত প্রবেশ নিষেধ/No Mask, No Entry অথবা 'মাস্ক পরিধান করুন, সেবা নিন / Wear Mask, Get Service' লিখিত ব্যানার লাগানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৫ নভেম্বর ২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।




(ঙ) **আইনজীবীদের অনলাইনে প্রশিক্ষণ প্রদান :** আইন ও বিচার বিভাগ এবং Giz এর যৌথ উদ্যোগে ভার্চুয়াল পদ্ধতি আদালতে মামলা শুনানীর বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সারাদেশের আইনজীবীদের অনলাইনে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

(চ) **মাস্ক পরিধান :** করোনা ভাইরাসের সংক্রমণ রোধে সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের মাস্ক পরিধানের জন্য নির্দেশনা জারী করা হয়েছে। কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে মাস্ক বিতরণ কার্যক্রম অব্যাহত আছে।

(ছ) **ঘন ঘন হাত ধোয়া :** ঘন ঘন হাত ধোয়ার জন্য নির্দেশনা জারী করা হয়েছে। কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে হ্যান্ড স্যানিটাইজার বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। ওয়াশরুমগুলোতে পর্যাপ্ত সাবান, হ্যান্ডওয়াশ রাখা হয়েছে।

(জ) **সামাজিক দূরত্ব বজায় রাখা :** সামাজিক দূরত্ব বজায় রেখে দাপ্তরিক কাজ করার জন্য নির্দেশনা জারী করা হয়েছে।

(ঝ) **স্বাস্থ্যবিধি অনুসরণ ও পরিস্কার পরিচ্ছন্নতা পালন নিশ্চিতকরণ :** করোনা ভাইরাসের প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১০ সেপ্টেম্বর ২০২০ তারিখে আইন ও বিচার বিভাগের অধীনস্থ অধিদপ্তর/প্রতিষ্ঠান/সংস্থা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

**(ঞ) সীমিত আকারে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা :** মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে করোনাভাইরাস প্রতিরোধ এবং এর প্রাদুর্ভাবজনিত জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক ঘোষিত ছুটির সময়ে আইন ও বিচার বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের নিজ নিজ কর্মস্থল ত্যাগ না করার নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে রোটেশন ভিত্তিতে ২৫ শতাংশ কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে সীমিত পরিসরে অফিস কার্যক্রম পরিচালনা করা হয়।

**(চ) সারাদেশের লিগ্যাল এইড অফিসসমূহকে স্বাস্থ্যবিধি প্রতিপালন সংক্রান্ত নির্দেশনা প্রদান:** আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর অংশ হিসেবে ১২/১১/২০২০ খ্রিষ্টাব্দ তারিখে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে একযোগে ৬৪ টি লিগ্যাল এইড অফিস তদারকি এবং স্বাস্থ্যবিধি মেনে অফিস পরিচালনার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়।

**(ছ)'কোভিড-১৯ প্রস্তুতি এবং স্ট্রেস ম্যানেজমেন্ট' শীর্ষক প্রশিক্ষণ:** আইন ও বিচার বিভাগের উদ্যোগে, জিআইজেড বাংলাদেশ এর Rule of Law, GIZ, Bangladesh এর সহযোগিতায় বিগত ২৯-৩০ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে দুই দিন ব্যাপী 'কোভিড-১৯ প্রস্তুতি এবং স্ট্রেস ম্যানেজমেন্ট' এবং ১৩ ডিসেম্বর ২০২০ খ্রি. তারিখে 'RJ Principles in Mediation' শীর্ষক অনলাইন প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। এতে জেলা লিগ্যাল এইড অফিসারগণ অংশগ্রহণ করেন।

## ২। সেবা প্রদানের সঙ্গে জড়িত প্রতিষ্ঠান, অধিদপ্তর ও সংস্থার কার্যক্রম :

**(ক) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়**

- করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী মোকাবেলায় বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয় কর্তৃক জনসচেতনামূলক কার্যক্রম গ্রহণ করা হয়। কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মাঝে ব্যাপক সচেতনতা তৈরীর লক্ষ্যে ১৯/০৩/২০২০ খ্রিঃ তারিখ কমিশন সচিবালয়ে সরকারি কর্মচারী হাসপাতালের মনোনীত কনসালট্যান্ট এর মাধ্যমে কোভিড পরিস্থিতিতে স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়।

- কমিশন সচিবালয়ের প্রবেশপথে থারমাল স্ক্যানার দিয়ে কর্মকর্তা-কর্মচারীসহ সেবাপ্রার্থীদের শরীরের তাপমাত্রা নিয়মিত পরিমাপ করার পাশাপাশি 'মাস্ক পরিধান ব্যতীত প্রবেশ নিষেধ/No Mask, No Entry লিখিত ব্যানার লাগানো হয়েছে।

- প্রত্যেক দপ্তরে পর্যাপ্ত স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী যেমন হ্যান্ড ওয়াশ, হ্যান্ড স্যানিটাইজার, ডিসইনফেকট্যান্ট স্প্রে ও জীবানুনাশক সরবরাহ করা হয়েছে।

- করোনা ভাইরাস বৈশ্বিক মহামারীর পরিস্থিতিতে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম ও কমিশন সচিবালয়ের দাপ্তরিক কার্যক্রম গতিশীল ও স্বাভাবিক রাখার জন্য নির্ধারিত স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব অনুসরণপূর্বক কমিশনের সভা অনুষ্ঠানসহ ২৩.১০.২০২০ থেকে ০২.১১.২০২০ তারিখ পর্যন্ত ত্রয়োদশ বিজেএস (BJS) পরীক্ষার মৌখিক পরীক্ষা অনুষ্ঠান করা হয়েছে।

**(খ) নিবন্ধন অধিদপ্তর :**

- মন্ত্রিপরিষদ বিভাগ-এর সাথে সামঞ্জস্য রেখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের দিকনির্দেশনা মোতাবেক করোনা ভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

- অধিদপ্তরের অধীনে সারাদেশে কর্মরত জেলা রেজিস্ট্রার ও সাবরেজিস্ট্রার অফিসের কর্মকর্তা ও কর্মচারীগণকে করোনা ভাইরাস মোকাবেলায় স্বাস্থ্যবিধি অনুসরণের নির্দেশনা জারী করা হয়েছে।

**(গ) জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা**

- ২৪/০৩/২০২০ খ্রিঃ তারিখে করোনাভাইরাস (কোভিড-১৯) জনিত উদ্ভূত পরিস্থিতিতে সারাদেশে লিগ্যাল এইড অফিস পরিচালনা সংক্রান্ত নির্দেশনার মাধ্যমে জাতীয় আইনগত সহায়তা সংস্থার অধীন লিগ্যাল এইড অফিসসমূহে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সীমিত পরিসরে শুধুমাত্র রুটিন অফিসিয়াল কার্যক্রম পরিচালনা করার নির্দেশ প্রদান করা হয়। বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR), সচেতনতামূলক সভা-সমাবেশ ও কর্মশালা, লিগ্যাল এইড সংক্রান্ত মাসিক সভা আয়োজন মূলতবি করা এবং একইসাথে লিগ্যাল এইড অফিসসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন করাসহ কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত স্বাস্থ্য নিরাপত্তা বজায় রাখার নির্দেশ প্রদান করা হয়।

- ০১/১১/২০২০ খ্রিঃ তারিখে বৈশ্বিক মহামারী করোনাভাইরাস এর সংক্রমণ রোধকল্পে সারাদেশে অবস্থিত লিগ্যাল এইড অফিসসমূহে যথাযথ কর্মকর্তা-কর্মচারীদের সঠিক স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণের লক্ষ্যে নির্দেশনাসমূহ পরিপত্র আকারে জারি করা হয়।

- স্বাস্থ্যবিধি মেনে আইন সহায়তা প্রদানসহ দৈনন্দিন অফিস ব্যবস্থাপনা, অনলাইন ফাইল ব্যবস্থাপনা ও আর্থিক ব্যবস্থাপনার বিষয়ে সংস্থার অধীন জেলা লিগ্যাল এইড অফিসার ও কর্মচারীদের ৪টি করোনাকালীন সময়ে অনলাইন প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে।

**(ঘ) বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট**

- করোনা ভাইরাস সংক্রমণের প্রেক্ষিতে উদ্ভূত পরিস্থিতিতে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক ভার্চুয়াল পদ্ধতিতে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক, অতিরিক্ত জেলা ও দায়রা জজ সমপর্যায়ের বিচারক এবং সহকারী জজ ও সমপর্যায়ের বিচারকগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- ভার্চুয়াল পদ্ধতি ব্যবহার করে JICA এর সহযোগিতায় দিনব্যাপী সেমিনার আয়োজন করা হয়েছে।

- ভার্চুয়াল পদ্ধতি ব্যবহার করে মানবপাচার প্রতিরোধে USAID এর সহযোগিতায় ২ দিনব্যাপী ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে।

- করোনা ভাইরাস প্রতিরোধকল্পে স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করে ইতোমধ্যে অত্র ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীদের বরাবর অফিস আদেশ জারী করা হয়েছে।

- স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে অফিসে প্রবেশের পূর্বে প্রতিটি কর্মকর্তা ও কর্মচারীর শরীরের তাপমাত্রা পরীক্ষা করার জণ্য তাপ পরিমাপক যন্ত্র ইনস্টিটিউটের প্রবেশমুখে দায়িত্বরত কর্মচারীদের নিকট সরবরাহ করা হয়েছে। এছাড়াও প্রতিটি কর্মকর্তা-কর্মচারীকে নিয়মিত প্রয়োজনীয় স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী প্রদান করা হচ্ছে।

- সরকারি নির্দেশনা অনুযায়ী অফিসে 'মাস্ক পরিধান ব্যতীত প্রবেশ নিষেধ/No Mask, No Entry এবং 'মাস্ক পরিধান করুন, সেবা নিন / Wear Mask, Get Service' লিখিত ব্যানার লাগানো হয়েছে।

**(ঙ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা**

- জরুরী ভিত্তিতে করোনা ভাইরাস প্রতিরোধী সরঞ্জাম ক্রয় করে মাননীয় বিচারপতি মহোদয়গণ, ট্রাইব্যুনালে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণ এবং ট্রাইব্যুনালের সর্বস্থরের কর্মকর্তা ও কর্মচারীদের সরবরাহ করা হয়েছে। এ প্রক্রিয়া চলমান রয়েছে।

- ট্রাইব্যুনালের চত্বরের প্রধান ফটকে এবং ট্রাইব্যুনাল স্থাপনের প্রবেশ মুখে হাত ধোয়ার জন্য তরল সাবান ও বেসিন এর ব্যবস্থা করা হয়েছে।

- ট্রাইব্যুনাল ভবনে প্রবেশ করার সময় থার্মাল স্ক্যানার দিয়ে প্রত্যেকের তাপমাত্রা নিয়মিত পরীক্ষা করা হয়।

- আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এর এজলাস কক্ষে হিউম্যান ড্রপলেট প্রতিরোধী গ্লাস স্থাপন করা হয়েছে।

- প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর মাস্ক পরিধান বাধ্যতামূলক করা হয়েছে।

**(চ) মহাপ্রশাসক, সরকারি অছি এবং সরকারি রিসিভার এর কার্যালয়**

- পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখা : কর্মকর্তা-কর্মচারীদেরকে সার্জিক্যাল মাস্ক, হ্যান্ড গ্লাভস, হ্যান্ড রাব, হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করা হয়েছে এবং অফিসে পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে।

- ব্যানার প্রদর্শন : অফিসের প্রবেশদ্বারে 'মাস্ক পরিধান ব্যতীত প্রবেশ নিষেধ/No Mask, No Entry' লিখিত ব্যানার লাগানো হয়েছে এবং শতভাগ সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

**(ছ) বাংলাদেশ বার কাউন্সিল**

- করোনাকালে আর্থিকভাবে অসচ্ছল ও অসুস্থ আইনজীবীদের জন্য বাংলাদেশ বার কাউন্সিল-এর কল্যাণ তহবিল রয়েছে।

- করোনা প্রতিরোধে জনসাধারণের জন্য বাংলাদেশ বার কাউন্সিল মাননীয় প্রধানমন্ত্রীর কল্যাণ তহবিলে ১ কোটি টাকা প্রদান করেছে।

- করোনা প্রতিরোধে বাংলাদেশ বার কাউন্সিল আইনজীবীদের জন্য ৫ কোটি টাকা আর্থিক সাহায্য স্ব-স্ব আইনজীবী সমিতির মাধ্যমে প্রদান করেছে।

- বাংলাদেশ বার কাউন্সিল এর ভাইস-চেয়ারম্যানের নির্দেশক্রমে সারাদেশের বিভিন্ন আইনজীবী সমিতিতে প্র্যাকটিসরত আইনজীবী করোনায় আক্রান্ত হলে তাদের সহযোগিতার জন্য ৫ সদস্যের কমিটি গঠন করেছে।

- স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য যথাযথ পদক্ষেপ গৃহীত হয়েছে।

(জ) অ্যাটর্নি জেনারেল কার্যালয়

- করোনা ভাইরাসের সংক্রমণ রোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণা চালানো হয়েছে। ব্যানার টানানো হয়েছে এবং জীবানুনাশক টানেল তৈরি করা হয়েছে।
- কার্যালয়ে সকলের মাস্ক পরিধান বাধ্যতামূলক করা হয়েছে। পর্যাপ্ত হ্যান্ড স্যানিটাইজার, স্যাভলন, ব্লিচিং পাউডার বিতরণ করা হয়েছে।

### ৩। বাস্তবায়ন পদ্ধতি :

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এমপি এবং আইন ও বিচার বিভাগের সচিব জনাব মোঃ গোলাম সারওয়ার মহোদয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধায়নে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুসরণপূর্বক এ বিভাগ ও এর অধীনস্ত অধিদপ্তর, সংস্থা, প্রতিষ্ঠান স্বাস্থ্যবিধি মেনে করোনা ভাইরাস মোকাবেলায় গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।

### ৪। উপকারভোগী :

বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতিগণ ও বিজ্ঞ আইনজীবীগণ, অধস্তন আদালতের বিজ্ঞ বিচারকগণ, আইন ও বিচার বিভাগ এবং এর অধীনস্ত অধিদপ্তর, সংস্থায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ, বাংলাদেশ সুপ্রীম কোর্টে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ, সারাদেশে কর্মরত জেলা রেজিস্ট্রার ও সাবরেজিস্ট্রার অফিসের কর্মকর্তা ও কর্মচারীগণ, সারাদেশের অধস্তন আদালতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ, বিচারপ্রার্থী জনগণ, সারাদেশের বিজ্ঞ আইনজীবীগণ, বিনামূল্যে সরকারি আইনি সহায়তাপ্রাপ্ত ব্যক্তিগণ।

### ৫। আর্থিক সংশ্লেষ :

রাজস্ব বাজেট

### ৬। ভবিষ্যৎ পরিকল্পনা :

- করোনা ভাইরাস মোকাবেলায় কর্মকর্তা ও কর্মচারীদের সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান।
- করোনা ভাইরাস মোকাবেলায় গৃহীত কার্যক্রম চলমান রাখা।
- সকল সভা, সেমিনার, কর্মশালা, প্রশিক্ষণ যথাসম্ভব ভার্চুয়ালি আয়োজন করার ব্যবস্থা করা।

# করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী মোকাবেলায় বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক গৃহীত কার্যক্রম

**১। গৃহীত কার্যক্রম :**

বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস মোকাবেলায় বাংলাদেশ সুপ্রীম কোর্ট বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে এবং কার্যক্রম বাস্তবায়নে সচেষ্ট থেকেছে। বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক অধস্তন আদালতগুলোর প্রতি সময় সময় স্বাস্থ্যবিধি প্রতিপালন সংক্রান্ত প্রয়োজনীয় দিকনির্দেশনা জারী করা হয়েছে। গৃহীত কার্যক্রমসমূহ নিম্নরূপ:

- **ভার্চুয়াল আদালত ব্যবস্থা :** করোনা ভাইরাস (কোভিড-১৯) উদ্ভূত পরিস্থিতিতে ভিডিও/অডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে আদালতের কার্যক্রম পরিচালনাকরণের জন্য Supreme Court Committee for Judicial Reforms সুপারিশ প্রেরণ করেন। আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার অধ্যাদেশ, ২০২০ ও আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০ এর ক্ষমতাবলে আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগে ভার্চুয়াল কোর্ট পরিচালনার জন্য প্র্যাকটিস ডিরেকশন জারি করা হয়। তৎপ্রেক্ষিতে বাংলাদেশের সুপ্রীম কোর্টের উভয় বিভাগে এবং অধস্তন আদালতে ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে আদালতের কার্যক্রম পরিচালিত হয়।

- **নমুনা সংগ্রহের বুথ স্থাপন :** বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রশাসনের ব্যবস্থাপনায় করোনা ভাইরাস পরীক্ষার জন্য ৭ জুন ২০২০ তারিখে নমুনা সংগ্রহের বুথ স্থাপন করা হয়েছে। **৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত ৪৩৫০টি** নমুনা সংগ্রহ করা হয়েছে। বুথের মাধ্যমে শুক্রবার ব্যতীত প্রতিদিন বাংলাদেশ সুপ্রীম কোর্টের কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের সদস্য এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সদস্য ও তাদের পরিবারেরর সদস্যসহ বিচার বিভাগীয় কর্মকর্তা-কর্মচারীদের নমুন সংগ্রহ করা হয়েছে।



- স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত স্বাস্থ্যবিধি অনুসরণের লক্ষ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গনের সকল প্রবেশ গেটে হাত ধোয়ার জন্য সিঙ্ক স্থাপন করা হয়েছে।

- করোনা ভাইরাসের বিষয়ে সচেতনামূলক ব্যানার, ফেস্টুন স্থাপন করা হয়েছে।

- বাংলাদেশ সুপ্রীম কোর্টের প্রতিটি প্রবেশ পথে ইনফারেট থার্মোমিটার দিয়ে কর্মকর্তা/কর্মচারী, বিজ্ঞ আইনজীবী এবং আগত সেবাগ্রহীতাদের তাপমাত্রা পরিমাপ করা হয়।

- বাংলাদেশ সুপ্রীম কোর্টের প্রত্যেকটি প্রবেশ পথে সুরক্ষা ট্রে রাখা হয় যাতে করে জুতো/স্যান্ডেলের নিচের অংশ জীবানুমুক্ত করা যায়।

- বাংলাদেশ সুপ্রীম কোর্টের প্রত্যেকটি প্রবেশ পথে আগত কর্মকর্তা/কর্মচারী. বিজ্ঞ আইনজীবী এবং সেবা গ্রহীতাদের হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত জীবানুমুক্তকরণে ব্যবস্থা করা হয়।

- বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে শারীরিক উপস্থিতিতে আদালতের কার্যক্রম পরিচালনায় যাবতীয় সহযোগিতার জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রশাসন কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, গণপূর্ত অধিদপ্তর বরাবরে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক কার্যক্রম বিষয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টকে অবহিত করতঃ পত্র প্রেরণ করা হয়।

- বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের আদালত ব্যবস্থাপনার করোনা ভাইরাস বিষয়ক বিজ্ঞপ্তি প্রচার করা হয়।

- ৩১ মে ২০২০ খ্রিঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রশাসনের উদ্যোগে দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে সকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত স্বাস্থ্যবিধি আবশ্যিকভাবে অনুসরণ হচ্ছে কি-না তা পর্যবেক্ষন করা, কোভিড-১৯ এর লক্ষন উপসর্গ দ্বারা অসুস্থ সুপ্রীম কোর্টের মাননীয় বিচারপতি মহোদয়গণ ও তাঁদের পরিবারবর্গ এবং কর্মকর্তা কর্মচারীগণকে দ্রুত স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনীয় স্বাস্থ্য সুরাক্ষা সামগ্রী দ্রুত ক্রয়/সংগ্রহ এবং বিতরণ করাসহ সার্বক্ষনিক তত্ত্বাবধানের জন্য স্টিয়ারিং কমিটি গঠন করা হয়।

- ৩১ মে ২০২০ খ্রিঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রশাসনের উদ্যোগে দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে সকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত স্বাস্থ্যবিধি আবশ্যিকভাবে অনুসরণ হচ্ছে কি-না তা পর্যবেক্ষন করা, কোভিড-১৯ এর লক্ষন উপসর্গ দ্বারা অসুস্থ সুপ্রীম কোর্টের মাননীয় বিচারপতি মহোদয়গণ ও তাঁদের পরিবারবর্গ এবং কর্মকর্তা কর্মচারীগণকে দ্রুত স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনীয় স্বাস্থ্য সুরাক্ষা সামগ্রী দ্রুত ক্রয়/সংগ্রহ এবং বিতরণ করার জন্য উপ-কমিটি গঠন করা হয়।

- স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত স্বাস্থ্যবিধি অনুসরণের লক্ষ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গানে দৃশ্যমান স্থানে মাস্ক পরিধান করুন, সামাজিক দূরত্ব মেনে চলুন. হাঁচি শিষ্টাচার মেনে চলুন উল্লেখে বিবিধ বিজ্ঞপ্তি প্রচার করা হয় এবং ব্যানার, ফেস্টুন টাঙ্গানোর সচেতনামূলক কার্যক্রম পরিচালিত হয়।

- করোনা ভাইরাস পরিস্থিতিতে ২৩ জুলাই ২০২০ তারিখ বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গানে আবশ্যিকভাবে মাস্ক ব্যবহার সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রচার করা হয়।

- করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় বিচারপতিগণের কোভিড-১৯ জনিত চিকিৎসা সংক্রান্ত বিষয়ে সার্বক্ষণিক (২৪ ঘন্টা) দায়িত্ব পালনের জন্য কিমিটি গঠন করা হয়।

- করোনা ভাইরাস সংক্রমণের সম্ভাব্য Second Wave মোকাবেলায় বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গানে মাস্ক পরিধান নিশ্চিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রচার করা হয়।

- বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ ও তাঁদের পরিবারবর্গ এবং সুপ্রীম কোর্ট প্রশাসনের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের করোনা ভাইরাস-(কোভিড-১৯) প্রতিরোধে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ভ্যাকসিন বিতরণ কার্যক্রমে প্রথম পর্যায়ে অগ্রাধিকার ভিত্তিতে ভ্যাকসিন বরাদ্দে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর স্মারক নং-৬৮০১ তারিখ ২৮ ডিসেম্বর ২০২০ খ্রি. মূলে পত্র প্রেরণ করা হয়।

**২। করোনা ভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক অধস্তন আদালতের জন্য গৃহীত পদক্ষেপসমূহ**

- অধস্তন আদালতসমূহে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে শারীরিক উপস্থিতিতে আদালতের কার্যক্রম পরিচালনায় যাবতীয় সহযোগিতার জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রশাসন কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, গণপূর্ত অধিদপ্তর বরাবরে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক কার্যক্রম বিষয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টকে অবহিত করতঃ পত্র প্রেরণ করা হয়।

- ১৯/০৫/২০২০ খ্রিঃ করোনা ভাইরাস উদ্ভূত পরিস্থিতিতে জনসমাগম পরিহারের লক্ষ্যে দেশের অধস্তন আদালতে জামিন শুনানিকালে এবং মামলার অন্যান্য কার্যক্রমে কারাবন্দী আসামীদের কারাগার হতে প্রিজনভ্যান বা অন্য কোনোভাবে আদালত কক্ষে হাজির না করার বিষয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রশাসন বিজ্ঞপ্তি প্রকাশ করে।

- ২৫ মার্চ ২০২০ খ্রিঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রশাসন করোনা ভাইরাস প্রতিরোধে সাপ্তাহিক ও সাধারণ ছুটির সময়ে কর্মস্থল ত্যাগ না করার প্রসঙ্গে বিজ্ঞপ্তি প্রচার করে।

- ১৬ মে ২০২০ খ্রিঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রশাসন তথ্যপ্রযুক্তি ব্যবাহর করে জরুরী জামিন সংক্রান্ত বিষয়সমূহ নিস্পত্তি করার উদ্দেশ্যে সাধারণ ছুটিকালীন আদালতের কার্যক্রম পরিচালনের বিষয়ে বিজ্ঞপ্তি প্রচার করে।

- করোনা ভাইরাসে আক্রান্ত অধস্তন আদালতে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তা ও সহায়ক কর্মকর্তা-কর্মচারীগণের তথ্য বিবরণী বাংলাদেশ সুপ্রীম কোর্টে প্রেরণের বিষয়ে ১৪ জুন ২০২০ খ্রিঃ বিজ্ঞপ্তি প্রচার করা হয়।

- ৩০ জুলাই ২০২০ খ্রিঃ করোনা ভাইরাস রোধকল্পে আদালত প্রাঙ্গন এবং এজলাস কক্ষে সুরক্ষামূলক ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রচার করা হয়।

- অধস্তন আদালতের বিচারক ও কর্মকর্তা/কর্মচারীবৃন্দের করোনা ভাইরাস-(কোভিড-১৯) প্রতিরোধে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারি কর্তৃক ভ্যাকসিন বিতরণ কার্যক্রমে প্রথম পর্যায়ে অগ্রাধিকার ভিত্তিতে ভ্যাকসিন বরাদ্দে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর স্মারক নং-৬৮০২ তারিখ ২৮ ডিসেম্বর ২০২০ খ্রি. মূলে পত্র প্রেরণ করা হয়।

**৩। উপকারভোগী :**

বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতিগণ ও বিজ্ঞ আইনজীবীগণ, বাংলাদেশ সুপ্রীম কোর্টে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ, বিচারপ্রার্থী জনগণ।